# Analysis Report

---

## 47th BCS Preli Program

### Daily Practice Exam Bangladesh Affairs-04

Obtained Marks: **27.5/30** (Correct: 28, Incorrect: 1, Skipped: 1)

CorrectIncorrectSkipped
Question 1 Correct

### মুক্তিযুদ্ধের সময় ভারতের সেনাপ্রধান কে ছিলেন?

A

শ্যাম মানেকশ

B

শরণ সিং

C

জগজিৎ সিং অরোরা

D

জেনারেল জ্যাকব

A
66%
B
2%
C
27%
D
5%

**Solution:**

যৌথবাহিনী/ যৌথকমান্ড:

| | |
|---|---|
| গঠন | মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে ২১ নভেম্বর, ১৯৭১। |
| মিত্রবাহিনী | ভারতীয় সশস্ত্র বাহিনী। |
| প্রধান | শ্যাম জামসেদজি মানেকশ (ভারতের সেনাপ্রধান)। |
| অধিনায়ক | জগজিৎ সিং অরোরা (ভারতীয় ইস্টার্ন কমান্ডের প্রধান)। |
| যুদ্ধ | ৩ ডিসেম্বর, পাকিস্তান হানাদার বাহিনীর ভারত আক্রমণ। |
| | ৪ ডিসেম্বর পাকিস্তানের বিরুদ্ধে ভারতের যুদ্ধ ঘোষণা। |

Question 2 Correct

## মুজিবনগর সরকারের মোট মন্ত্রণালয় ছিল কতটি?

A

১৫টি

B

১৮টি

C

১০টি

D

১২টি

A

2%

B

0%

C

2%

D

95%

**Solution:**

মুজিবনগর সরকারের মোট ১২টি মন্ত্রণালয় বা বিভাগ ছিল। এ মন্ত্রণালয়গুলোর বিস্তারিত বিবরণ পাওয়া যায় সরকারের ক্যাবিনেট সচিব হোসেন তৌফিক ইমামের বাংলাদেশ সরকার ১৯৭১ গ্রন্থ হতে।

Question 3 Correct

## অ্যালেন গিনসবার্গ কোন দেশের নাগরিক ছিলেন?

A

নেদারল্যান্ড

B

যুক্তরাষ্ট্র

C

অস্ট্রেলিয়া

D

যুক্তরাজ্য

A

15%

B

67%

C

6%

D

12%

**Solution:**

মুক্তিযুদ্ধের ওপর রচিত কবিতা- ‘সেপ্টেম্বর অন যশোর রোড’। কবিতাটি রচনা করেন মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যালেন গিনসবার্গ। অ্যালেন গিনসবার্গ ১৪-১৬ নভেম্বর, ১৯৭১ কবিতাটি রচনা করেন। ‘সেপ্টেম্বর অন যশোর রোড’ কবিতাটি ১৫২ লাইনের।

Question 4 Correct

## বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম উপসাগরীয় দেশ কোনটি?

A

টোঙ্গা

B

ফিজি

C

রাশিয়া

D

কুয়েত

A

8%

B

3%

C

3%

D
86%
**Solution:**

বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম উপসাগরীয় দেশ কুয়েত। তারিখ: ৪ নভেম্বর, ১৯৭৩

Question 5 Correct

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রেক্ষাপটে ‘দ্য কনসার্ট ফর বাংলাদেশ’ চলচ্চিত্রের পরিচালক কে ছিলেন?

A
বিলি প্রিস্টন
B
জর্জ হ্যারিসন
C
পল সুইমার
D
আর্চার কেন্ট ব্লাড

A
3%
B
20%
C
74%
D
3%

**Solution:**

‘দ্য কনসার্ট ফর বাংলাদেশ’ হল ১৯৭২ সালে মুক্তিপ্রাপ্ত পল সুইমার পরিচালিত একটি চলচ্চিত্র। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের আন্তর্জাতিক সচেতনতা এবং শরণার্থীদের জন্য ত্রাণ তহবিল প্রচেষ্টা বাড়াতে ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত জর্জ হ্যারিসন এবং রবি শঙ্কর আয়োজিত দুটি বেনেফির কনসার্টের ঘটনাকে ভিত্তি করে চলচ্চিত্রটি নির্মিত হয়। হ্যারিসন এবং শঙ্করের পারফরম্যান্স ছাড়াও চলচ্চিত্রটিতে হ্যারিসনের বিটলস ব্যান্ডের প্রাক্তন সহকর্মী রিংগো স্টার, বিলি প্রিস্টন এবং লেওন রাসেলকেও দেখা যায়। এছাড়াও এতে ছিল বব ডিলানের হেঁটে যাওয়ার দৃশ্য।

সংগীতজ্ঞদের মধ্যে আলী আকবর খান, এরিক ক্ল্যাপটন, ব্যাডফিঙ্গার ব্যান্ড, ক্লস ভোরম্যান, জেস এস ডেভিস, জিম হর্ন এবং জিম কেল্টনার এতে অবদান রাখেন।

Question 6 Correct

## ১৯৭১ সালে কারা 'পোড়ামাটির নীতি' নামক সামরিক কৌশল গ্রহণ করেছিল?

A

গেরিলা বাহিনী

B

যৌথবাহিনী

C

বাংলাদেশ নৌ কমান্ডো

D

পাকিস্তান সেনাবাহিনী

A

12%

B

6%

C

0%

D

82%

**Solution:**

স্কর্চড আর্থ বা পোড়ামাটি নীতি এমন একটি সামরিক কৌশল যা দ্বারা সেনারা এক জায়গা থেকে অন্য জায়গায় যাওয়ার সময় প্রতিপক্ষের সামরিক বেসামরিক নির্বিশেষে সবাইকে হত্যার পাশাপাশি সবকিছু পুড়িয়ে দেয়। শত্রুর পক্ষে ব্যবহার করা সম্ভব এমন স্থাপনা ও অবকাঠামো পুড়িয়ে দেয়। এ থেকে পরিত্রাণ পায় না খাদ্যের উৎস, পানি সরবরাহ, পরিবহণ, যোগাযোগ, শিল্পকারখানা। অর্থাৎ প্রতিপক্ষের সবকিছু জ্বালিয়ে পুড়িয়ে একেবারে নিশ্চিহ্ন করে দেওয়াই হল 'স্কর্চড আর্থ' বা পোড়ামাটি নীতি। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান হানাদার বাহিনীও পোড়া মাটি নীতি গ্রহণ করেছিল। সেজন্যেই তো পাকিস্তানের তৎকালীন প্রেসিডেন্ট ইয়াহিয়া খান বলেছিল "পূর্ব পাকিস্তানের মানুষ চাই না, মাটি চাই।"

Question 7 Correct

## বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা ছিলেন-

A

জেরাল্ড ফোর্ড

B

রিচার্ড নিক্সন

C

লিন্ডন বি জনসন

D

হেনরি কিসিঞ্জার

A

0%

B

8%

C

0%

D

92%

**Solution:**

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন রিচার্ড নিক্সন এবং নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা ছিলেন হেনরি কিসিঞ্জার।

Question 8 Skipped

## ৭১ এর মুক্তিযুদ্ধে উপ-সর্বাধিনায়ক ছিলেন-

A

এ কে খন্দকার

B

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

C

কর্নেল (অব) আব্দুর রব

D

খালেদ মোশাররফ

A

53%

B

6%

C

38%

D

3%

**Solution:**

৭১ এর মুক্তিযুদ্ধে উপ-সর্বাধিনায়ক ও বিমান বাহিনীর প্রধান ছিলেন গ্রুপ ক্যাপ্টেন এ কে (আব্দুল করিম) খন্দকার। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন রাষ্ট্রপতি এবং মুক্তিযুদ্ধ ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক।

Question 9 Correct

১৯৭১ সালে পাকিস্তানের আত্মসমর্পণ দলিলটির শিরোনাম কী?

A

Armistice

B

Instrument of Surrender

C

Truce

D

Ceasefire

A

0%

B

91%

C

0%

D

9%

**Solution:**

| | |
|---|---|
| আত্মসমর্পণ দলিলে শিরোনাম | **Instrument of Surrender.** |
| তারিখ | ১৬ ডিসেম্বর, ১৯৭১ (২ পৌষ, ১৩৭৮) রোজ বৃহস্পতিবার। |
| সময় | বিকাল ৪.৩১ মিনিট। |
| স্থান | ঢাকার রেসকোর্স ময়দান (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান)। |
| মিত্রবাহিনীর পক্ষে স্বাক্ষর | লে. জেনারেল জগজিৎ সিং অরোরা। |
| আত্মসমর্পণকারীদের পক্ষে স্বাক্ষর | লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী। |
| বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন | ডেপুটি চিফ অব স্টাফ গ্রুপ ক্যাপ্টেন আবদুল করিম খন্দকার (এ. কে. খন্দকার) |
| মিত্রবাহিনীর পক্ষে উপস্থিত | লে. জেনারেল জ্যাকব, মেজর জেনারেল গন্ধর্ব সিং নাগরা ও বঙ্গবীর কাদের সিদ্দিকী। |
| পাকিস্তানের পক্ষে উপস্থিত | লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী, মেজর জেনারেল রাও ফরমান আলী ও মেজর জেনারেল জামশেদ |
| প্রথম শত্রুমুক্ত জেলা | যশোর (৬ ডিসেম্বর, ১৯৭১) |

Question 10 Correct

## মুক্তিযুদ্ধে গণহত্যাকে কেন্দ্র করে ‘Genocide’ শিরোনামে আলোড়ন সৃষ্টিকারী ফিচার কোন পত্রিকায় প্রকাশিত হয়?

A
দি টাইম

B
সানডে টাইমস

C
গার্ডিয়ান

D
ডেইলি টেলিগ্রাফ

A
7%

B
59%

C
2%

D
32%

**Solution:**

১৯৭১ সালের জুন মাসের ১৩ ও ২০ তারিখে ‘Sunday Times’ পত্রিকার পাকিস্তান সংবাদদাতা অ্যান্থনি মাসকারেনহাস লিখিত ‘Genocide’ শিরোনামে পৃথিবী জুড়ে আলোড়ন সৃষ্টিকারী একটি ফিচার ছাপানো হয়। বিশ্ববাসী পাকিস্তানি সেনাবাহিনীর নৃশংসতায় হতবাক ও মর্মাহত হয়।

Question 11 Correct

মুজিবনগর সরকারের ‘শ্রম’ মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন-

A

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

B

খন্দকার মোশতাক আহমেদ

C

সৈয়দ নজরুল ইসলাম

D

তাজউদ্দিন আহমদ

A
0%
B
8%
C
0%
D
92%

**Solution:**

| নাম | দায়িত্ব ও পদমর্যাদা |
|---|---|
| সৈয়দ নজরুল ইসলাম | উপ-রাষ্ট্রপতি (বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে অস্থায়ী রাষ্ট্রপতি এবং পদাধিকার বলে সশস্ত্র বাহিনী ও মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক)। |
| তাজউদ্দিন আহমদ | প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষা, তথ্য ও বেতার, শিক্ষা, স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য ও সমাজকল্যাণ, শ্রম, অর্থনৈতিক উন্নয়ন ও পরিকল্পনা মন্ত্রণালয়। |
| খন্দকার মোশতাক আহমেদ | পররাষ্ট্র মন্ত্রী, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি এবং পদাধিকার বলে সশস্ত্র বাহিনীর প্রধান ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক। |

Question 12 Correct

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ঢাকা ত্যাগ করেন কত তারিখে?

A

২১ মার্চ, ১৯৭১

B

২৩ মার্চ, ১৯৭১

C

২৫ মার্চ, ১৯৭১

D

১৯ মার্চ, ১৯৭১

A

7%

B

19%

C

74%

D

0%

**Solution:**

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ১৫ মার্চ ঢাকায় এসে পৌঁছান। ১৬-২৪ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর সাথে ইয়াহিয়া খানের আলোচনা চলে। অবশেষে তিনি ২৫ মার্চ রাতে গোপনে ঢাকা ত্যাগ করেন।

Question 13 Correct

মহিলা বীরপ্রতীক খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা তারামন বিবি কোন সেক্টরের অধীনে যুদ্ধ করেন?

A

২নং

B

৫নং

C

৮নং

D

১১নং

A
9%
B
2%
C
0%
D
89%

**Solution:**

বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধে অসামান্য অবদানের জন্য ২ জন মহিলা; ডা. সেতারা বেগম ও তারামন বিবিকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়। তারামন বিবি ও ডা. সেতারা বেগম ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে যথাক্রমে ১১ ও ২নং সেক্টরে যুদ্ধ করেন। ডা. সেতারা বেগম যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য মেলাঘরে বাংলাদেশ ফিল্ড হাসপাতালে কমান্ডিং অফিসার ছিলেন।

Question 14 Correct

‘মুক্তিবাহিনী’ কবে গঠিত হয়?

A
৩ এপ্রিল, ১৯৭১
B
১৭ এপ্রিল, ১৯৭১
C
৪ এপ্রিল, ১৯৭১
D
২১ এপ্রিল, ১৯৭১

A
3%
B
11%
C
82%
D
5%

**Solution:**

১৯৭১ সালের ৪ এপ্রিল মেজর শফিউল্লাহর নিয়ন্ত্রণাধীন সেনাবাহিনীর হেডকোয়ার্টার তেলিয়াপাড়ায় মিলিত হন কর্নেল (অব.) এম.এ.জি ওসমানী, লে. কর্নেল আব্দুর রব, লে.

কর্নেল সালেহ উদ্দিন মোহাম্মদ রেজা, মেজর কাজী নূরুজ্জামান, মেজর খালেদ মোশাররফ, মেজর নূরুল ইসলাম, মেজর শাফায়াত জামিল, মেজর মঈনুল হোসেন চৌধুরী প্রমুখ সিনিয়র মুক্তিযোদ্ধারা। সবাই তখন যে যার মত প্রতিরোধ যুদ্ধে অংশগ্রহণরত। সেদিন তারা আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। মুক্তিযুদ্ধকে একটি কেন্দ্রীয় কমান্ডের নেতৃত্বে পরিচালনা করতে হবে। সকলে একমত হয়ে প্রতিরোধ যোদ্ধাদের সাংগঠনিক নাম বা পরিচয় নির্ধারণ করেন ‘মুক্তিবাহিনী’ বা ‘মুক্তি ফৌজ’ (M.F.)। সরকারিভাবে তাদের নাম রাখা হয় ‘নিয়মিত বাহিনী’ এবং প্রধান সেনাপতি হিসেবে তারা সকলেই কর্নেল (অব.) এম.এ.জি. ওসমানীকে সাব্যস্ত করেন।

Question 15 Correct

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের শুরুতে বঙ্গবন্ধু সম্পর্কে এক ব্যক্তি দম্ভোক্তি করে, যা বলেছিল নিম্নরূপ: ‘লোকটি এবং তার দল পাকিস্তানের শত্রু, এবার তারা শাস্তি এড়াতে পারবে না।’- এ দম্ভোক্তিকারী ব্যক্তি কে ছিল?

A

জেনারেল ইয়াহিয়া খান

B

জেনারেল নিয়াজী

C

জেনারেল টিক্কা খান

D

জেনারেল হামিদ খান

A
100%
B
0%
C
0%
D
0%

**Solution:**

জেনারেল ইয়াহিয়া খান ছিলেন সামরিক শাসক ও পাকিস্তানি প্রেসিডেন্ট। পাকিস্তানের প্রথম সামরিক শাসক জেনারেল আইয়ুব খান ১৯৬৯ সালের ২৪ মার্চ ইয়াহিয়া খানের হাতে ক্ষমতা তুলে দিয়ে পদত্যাগ করেন। জেনারেল টিক্কা খান পাকিস্তান আমলে ১৯৭১ সালে বাংলার গভর্নর হিসেবে দায়িত্ব পালন করেন।

Question 16 Correct

## জাতীয় স্মৃতিসৌধের স্থপতি (ডিজাইনার) কে?

A

হামিদুজ্জামান

**B**

সৈয়দ মইনুল হোসেন

C

লুই কান

D

শামীম শিকদার

A

11%

B

80%

C

9%

D

0%

**Solution:**

জাতীয় স্মৃতিসৌধ (অন্য নাম সম্মিলিত প্রয়াস), বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের স্মৃতির উদ্দেশ্যে নির্মিত স্মারক স্থাপনা। এটি ঢাকা শহরের উপকণ্ঠে সাভারের নবীনগরে অবস্থিত। এর স্থপতি হলেন সৈয়দ মাইনুল হোসেন (১৯৫২-২০১৪) খ্রি.। স্মৃতিসৌধটির উচ্চতা ১৫০ ফুট (৪৫.৭২ মিটার)।

Question 17 Correct

## বিচারপতি আবু সাঈদ চৌধুরী ১৯৭১ সালে গঠিত মুজিবনগর সরকারের কোন পদে নিযুক্ত ছিলেন?

**A**

বিশেষ কূটনৈতিক প্রতিনিধি

B

আইন ও বিচার বিষয়ক মন্ত্রী

C

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী

D

নয়াদিল্লিস্থ বাংলাদেশ মিশন প্রধান

A

89%

B

2%

C

2%

D

7%

**Solution:**

| মুজিবনগর সরকারের বিশেষ দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ | |
|---|---|
| পদ/দপ্তর/মন্ত্রণালয় | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| বাংলাদেশ কূটনৈতিক প্রধান | বিচারপতি আবু সাঈদ চৌধুরী |
| নয়াদিল্লিতে কূটনৈতিক মিশন প্রধান | হুমায়ুন রশিদ চৌধুরী |

Question 18 Correct

## জহির রায়হান নিখোঁজ হন কবে?

A

১৬ ডিসেম্বর, ১৯৭১

B

৩০ জানুয়ারি, ১৯৭২

C

১৪ ডিসেম্বর, ১৯৭১

D

৩০ ডিসেম্বর, ১৯৭১

A

9%

B

63%

C

26%

D

3%

**Solution:**

বিখ্যাত বাংলা সাহিত্যিক জহির রায়হান ৩০ জানুয়ারি, ১৯৭২ (প্রকৃত নাম মোহাম্মদ জহিরুল্লাহ) নিখোঁজ ভাই শহীদুল্লাহ কায়সারকে খুঁজতে গিয়ে আর ফিরে আসেননি। অর্থাৎ তিনি নিখোঁজ হন। বাংলা সাহিত্যের আর এক উজ্জ্বল নক্ষত্র মুনীর চৌধুরী স্বাধীনতা যুদ্ধের বিজয়ের প্রাক্কালে আলবদর বাহিনী কর্তৃক অপহৃত ও নিখোঁজ হন ১৪ ডিসেম্বর, ১৯৭১।

Question 19 Correct

পৃথিবীর ইতিহাসে কয়টি দেশের স্বাধীনতার ঘোষণাপত্র রচনা করা হয়?

A

৫

B

২

C

৩

D

৪

A

0%

B

100%

C

0%

D

0%

**Solution:**

১৭৭৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণাপত্র রচনা করা হয়। পৃথিবীর ইতিহাসে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র এই ২টি দেশ স্বাধীনতার ঘোষণাপত্র জারি করে স্বাধীন হয়।

Question 20 Incorrect

মুক্তিযুদ্ধে সেক্টর দুই এর প্রধান ছিলেন-

A

মেজর কে এম শফিউল্লাহ

B

মেজর তাহের

C

মেজর খালেদ মোশাররফ

D

মেজর জিয়াউর রহমান

A

2%

B

0%

C

93%

D

4%

**Solution:**

দুই নম্বর সেক্টর নোয়াখালী জেলা, কুমিল্লা জেলার আখাউড়া-ভৈরব রেললাইন পর্যন্ত এবং ফরিদপুর জেলার অংশ বিশেষ নিয়ে গঠিত। সেক্টর প্রধান ছিলেন-
ক. মেজর খালেদ মোশাররফ (এপ্রিল থেকে সেপ্টেম্বর)- নভেম্বর মাসে মেজর খালেদ মোশাররফ গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। নভেম্বরের শেষ নাগাদ সুস্থ হয়ে পুনরায় যুদ্ধে যোগদান করেন। অবশ্য তখন তিনি ‘কে’ ফোর্সের অধিনায়ক।
খ. মেজর এ. টি. এম হায়দার (সেপ্টেম্বর থেকে ডিসেম্বর)। হবিগঞ্জ তিন নম্বর সেক্টরের অধীনে ছিলো।

Question 21 Correct

## মুক্তিযুদ্ধে সেক্টর দুই এর অন্তর্ভুক্ত অঞ্চল নয়-

A

ফরিদপুর

B

কুমিল্লা

C

নোয়াখালী

D

কিশোরগঞ্জ

A

12%

B

2%

C

5%

D

81%

**Solution:**

| সেক্টর | অঞ্চল | সদরদপ্তর | দায়িত্বপ্রাপ্ত কমান্ডার |
|---|---|---|---|
| ২ | নোয়াখালী, কুমিল্লা জেলার আখাউড়া-ভৈরব রেললাইন পর্যন্ত এবং ফরিদপুর ও ঢাকার অংশবিশেষ। | মেলাঘর, ত্রিপুরা | মেজর খালেদ মোশাররফ (এপ্রিল থেকে সেপ্টেম্বর), মেজর এ.টি.এম. হায়দার (সেপ্টেম্বর থেকে ডিসেম্বর) |

Question 22 Correct

যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে-

A

৩ এপ্রিল, ১৯৭২

B

৪ এপ্রিল, ১৯৭২

C

৪ ফেব্রুয়ারি, ১৯৭২

D

২২ জানুয়ারি, ১৯৭৪

A

0%

B

85%

C

0%

D

15%

**Solution:**

বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেয় ৪ এপ্রিল, ১৯৭২ সালে। ৪ ফেব্রুয়ারি, ১৯৭২ সালে স্বীকৃতিদানকারী দেশ- যুক্তরাজ্য, পশ্চিম জার্মানি, ফিনল্যান্ড, সুইডেন, ডেনমার্ক, নরওয়ে, আইসল্যান্ড, ইসরাইল প্রভৃতি দেশ।

Question 23 Correct

১৯৭১ সালে বাংলাদেশের জন্য কনসার্ট– খ্যাত জর্জ হ্যারিসন কোন বাদক দলের সদস্য?

A

ডিপ পাপল

B

পিঙ্ক ফ্লয়েড

C

বি–গিস

D

বিটলস

A

0%

B

0%

C

0%

D

100%

**Solution:**

The Concert for Bangladesh:
তারিখ : ১৯৭১ সালের ১ আগস্ট।
উদ্দেশ্য : বাংলাদেশের শরণার্থীদের জন্য সাহায্য করা।
স্থান : নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেন প্রাঙ্গণে।
ব্যান্ডদল : দ্য বিটলস (লন্ডন)।
উদ্যোক্তা : জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবি শঙ্কর (প্রধান)। রবি শঙ্কর এর আহ্বানে কনসার্টে যোগ দেন জর্জ হ্যারিসন।
শিল্পী/ তত্ত্বাবধানে : জর্জ হ্যারিসন (যুক্তরাজ্য)।

Question 24 Correct

বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরে যুদ্ধ করেন?

A

২নং

B

৮নং

C

১নং

D

৭নং

A

2%

B

89%

C

2%

D

7%

**Solution:**

<u>ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ:</u>

জন্মস্থান: নড়াইল জেলার মহেষখোলা গ্রামে।
কর্মস্থল: ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেলস)।
মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর: ৮ নং সেক্টর।
সমাধি: যশোরের কাশিপুর নামক স্থানে।

Question 25 Correct

অসহযোগ আন্দোলন কোনটির পরিপ্রেক্ষিতে তীব্র আকার ধারণ করে?

A

৭ মার্চ ভাষণ

B

কৃষক, শ্রমিক, ছাত্র জনতার ঐক্য

C

ইয়াহিয়ার বৈরী মনোভাব

D

আগরতলা ষড়যন্ত্র মামলা

A

65%

B

9%

C

24%

D

4%

**Solution:**

১৯৭০ সালের নির্বাচনে নির্বাচিত প্রতিনিধিদের হাতে পাকিস্তানের সামরিক সরকার ক্ষমতা হস্তান্তর না করে ইয়াহিয়া খান ১ মার্চ, ১৯৭১ সালে ৩ মার্চের পূর্বঘোষিত জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন। এর প্রতিবাদে **১ মার্চ, ১৯৭১ সালে 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ'** গঠিত হয়। এই পরিষদ ৩ মার্চ পল্টন ময়দানে জনসভার ঘোষণা দেয়।
২ মার্চ ঢাকায় এবং ৩ মার্চ সারা দেশে হরতাল আহ্বান করেন। ২ মার্চের হরতালে বহুলোক হতাহত হয়। প্রতিবাদে বঙ্গবন্ধু অসহযোগ আন্দোলনের ডাক দেন।
৭ মার্চের ভাষণের পর পূর্ব পাকিস্তান সরকারের নিয়ন্ত্রণের বাহিরে চলে যায়। অবস্থা বেগতিক দেখে ইয়াহিয়া খান ১৫ মার্চ ঢাকায় আসেন এবং ১৬-২৫ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর সাথে গোলটেবিল বৈঠক করেন। আলোচনা ফলপ্রসূ না হলে ২৫ মার্চ ইয়াহিয়া খান অপারেশন সার্চলাইটের আদেশ দিয়ে ঢাকা ত্যাগ করেন। মুক্তিকামী বাঙালিদের দমন করার জন্য পাকিস্তানি হানাদার বাহিনী কর্তৃক ১৯৭১ সালের ২৫ মার্চ পরিচালিত হয় সশস্ত্র অভিযান।

Question 26 Correct

'দ্য লিবারেশন অফ বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা-

A

মেজর জে. সুখওয়ান্ত সিং

B

রফিকুল ইসলাম

C

কর্নেল সিদ্দিক মালিক

D

রশীদ করিম

A

93%

B

7%

C

0%

D

0%

**Solution:**

১৯৭৮ সালে প্রকাশিত ভারতীয় সেনাবাহিনীর মেজর জেনারেল সুখওয়ান্ত সিং ইংরেজি ভাষায় 'The Liberation of Bangladesh' গ্রন্থটি রচনা করেন।

Question 27 Correct

‘বিজয় কেতন’ কী?

A

জাতীয় জাদুঘর

B

শহিদ স্মৃতিসৌধ

C

ওসমানী জাদুঘর

D

মুক্তিযুদ্ধ জাদুঘর

A

9%

B

21%

C

3%

D

67%

**Solution:**

বিজয় কেতন: বিজয় কেতন জাদুঘর ঢাকা সেনানিবাসে অবস্থিত। এ জাদুঘরটির মূল প্রদর্শনী সামগ্রীর মধ্যে রয়েছে বাংলাদেশের ঐতিহাসিক পটভূমি। জাদুঘরের মূল ফটকে নির্মিত হয়েছে একটি ভাস্কর্য। এতে আছে সাত জন মুক্তিযোদ্ধার মূর্তি। এদের একজন হলেন বাংলাদেশের পতাকাবাহী এক নারী বিশেষ এ ভাস্কর্যটিকে ও ‘বিজয় কেতন’ বলা হয়।

Question 28 Correct

পূর্ব পাকিস্তানের সর্বশেষ বেসামরিক মন্ত্রিসভার নাম কী ছিল?

A

নাজিম উদ্দিন মন্ত্রিসভা

B

আবু হোসেন মন্ত্রিসভা

C

সোহরাওয়ার্দী মন্ত্রিসভা

D

ডা. মালেক মন্ত্রিসভা

A

3%

B

0%

C

3%

D

95%

**Solution:**

ডা. মালেক মন্ত্রিসভা:

গঠন: ১৭ সেপ্টেম্বর, ১৯৭১। গভর্নর জেনারেল টিক্কা খানকে সরিয়ে বেসামরিক ব্যক্তি ডা.আবদুল মুতালিব মালেককে গভর্নর করে ১০ সদস্য বিশিষ্ট মন্ত্রিসভা গঠন করা হয়। এই মন্ত্রিসভা মুক্তিযুদ্ধের বিরুদ্ধে অবস্থান নেয়। ১৪ ডিসেম্বর, ১৯৭১ এই মন্ত্রিসভা পদত্যাগ করে।

Question 29 Correct

কোন বাহিনী নিয়ে রাজাকার বাহিনী গঠন করা হয়েছিল?

A

আনসার বাহিনী

B

সেনা বাহিনী

C

পুলিশ বাহিনী

D

ই পি আর

A

84%
B
11%
C
3%
D
3%
**Solution:**

রাজাকার বাহিনী:
গঠন: পাকিস্তান সরকার আনসার বাহিনীকে রাজাকার বাহিনীতে রূপান্তর করে। এর সদস্যরা মাসিক বেতনভুক্ত ছিল।

Question 30 Correct

‘কে রোধে তাঁহার বজ্রকণ্ঠ বাণী?
গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর-কবিতাখানি;
এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।’ কার কবিতার চরণ?

A
আলাউদ্দিন আল আজাদ
B
সেলিনা হোসেন
C
নীলিমা ইব্রাহিম
D
নির্মলেন্দু গুণ

A
6%
B
3%
C
3%
D
88%
**Solution:**

কবি নির্মলেন্দু গুণের বিখ্যাত কবিতা ‘স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো’। কবিতাটি তাঁর ‘চাষাভূষার কাব্য’ কাব্যগ্রন্থের অন্তর্গত। প্রশ্নোক্ত চরণগুলো তাঁর ‘স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো’ কবিতাটির অন্তর্গত।